দৈনিক বাংলা

তারিখ ... 13.12.79 ...
পৃষ্ঠা ... 3 কলাম 6 ...

80

# এম বি বি এস কোর্সের মেয়াদ পাঁচ বছরই আছে

সম্প্রতি সংবাদপত্রে এই মর্মে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে যে এমবিবিএস কোর্সের মেয়াদ এখন থেকে ছয় বছর করা হয়েছে। যেহেতু প্রতিবেদনটি ভিত্তিহীন এবং এর ফলে জনমনে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে সেজন্য সঠিক তথ্য জনস্বার্থের খাতিরে প্রকাশিত হওয়া প্রয়োজন।

এটা সত্য নয় যে এমবিবিএস কোর্সের মেয়াদ ছয় বছর করা হয়েছে। এমবিবিএস কোর্স পাঁচ বছরই আছে। এই মেয়াদ শেষে প্রার্থীরা বিশ্ববিদ্যালয় হতে প্রভিশনাল সার্টিফিকেট এবং বাংলাদেশ মেডিক্যাল কাউন্সিল হতে অস্থায়ী রেজিস্ট্রেশন পাবেন। এক বছর ইনটার্নিশীপ শেষ করার পর বিশ্ববিদ্যালয় হতে মূল সার্টিফিকেট এবং মেডিক্যাল কাউন্সিল হতে স্থায়ী রেজিস্ট্রেশন পাবেন।

এই প্রথা বাংলাদেশ মেডিক্যাল কাউন্সিলের নির্দেশ মত ১৯৭৭-৭৮ শিক্ষাবর্ষ হতে চালু আছে। সুতরাং এটা পরিষ্কার যে এ বছর ভর্তির নিয়মে কোন পরিবর্তন করা হয় নাই। খবর তথ্য বিবরণীর।